

Total No. of Printed Pages—4

3 SEM TDC BNL MIL (C) 2

2 0 1 6

(November)

BENGALI

(Modern Indian Language)

(Commerce)

Course : 302

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

*Candidates **eligible** for Internal Assessment shall
answer Question Nos. 1 to 7*

Full Marks : 80

Pass Marks : 32 (Backlog) / 24 (2014 onwards)

*Candidates **not eligible** for Internal Assessment shall
answer Question Nos. 1 to 8*

Full Marks : 100

Pass Marks : 40 (Backlog) / 30 (2014 onwards)

ক—বিভাগ

(মূল্যাংক : ৪০)

১। এক কথায় উত্তর দাও :

১×৪=৪

(ক) সহায়হরি চাটুজ্যের স্ত্রীর নাম কি ?

(খ) “এ সময় আমি হঠাৎ বাপের বাড়ী গিয়ে বসে থাকলে
ঠাকুরঝি কি মনে করবেন বাবা? বাবাকে আপনি ওই
কথাই গুছিয়ে বলে দিন।” উক্তিটি কার ?

(গ) “স্টেশন ছিলো না, ট্রেন থামতো না, তবু রেলের লোকদের মুখে মুখে একটা নতুন নাম চালু হয়ে গিয়েছিল।” লোকের মুখে মুখে স্টেশনটি কি নামে পরিচিত হয়েছিল?

(ঘ) নীলু দার্জিলিং বেড়াতে গিয়ে কি কিনি এনেছিল?

২। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

৪×২=৮

(ক) ক্ষেপ্তি সহজ, সরল, অল্পবুদ্ধিসম্পন্ন ভোজনপ্রিয় মেয়ে। অবশেষে তার জীবনে যে করুণ পরিণতি নেমে আসে তা সংক্ষেপে বর্ণনা কর।

(খ) ‘নীলুর দুঃখ’ গল্পে নীলু চরিত্রটি সংক্ষেপে বর্ণনা কর।

(গ) “তা আসবেন বৈকি, কজিতে ঘড়ি না বেঁধে বেরোলে যে মহাভারত অশুদ্ধ হয়ে যাবে। কই বলো দিকিন ছুটে গিয়ে সংসারের একটা জিনিস কিনি আন? মাথায় আকাশ ভেঙে পড়বে লাটসাহেবের।” কে, কাকে বলেছে? কাকে লাটসাহেব বলেছে এবং কেন তা সংক্ষেপে বর্ণনা কর।

৩। যে-কোন দুটি প্রশ্নের উত্তর দাও :

১৪×২=২৮

(ক) “চিরন্তনী নারীপ্রকৃতির মধ্যে পাশাপাশি বাস করছে সম্পূর্ণ আলাদা দুটি সত্তা, জননী আর প্রিয়া।” ‘অভিনেত্রী’ গল্পে অনুপমার যে দুটি সত্তা প্রকাশ পেয়েছে তা বিস্তারিতভাবে লেখ।

(খ) ‘ভারতবর্ষ’ গল্পে দুই গোষ্ঠীর মানুষকে আমরা দেখি, একদল শাসকশ্রেণীর পক্ষে যুদ্ধবাজ আমেরিকান সৈন্য ও যুদ্ধবন্দিরা; আর একদল শোষিত। এই গল্পে শোষিতদের অসহায়, অপমানজনক পরিণতির সূত্র ধরে ভারতবর্ষ ও ভারতবাসীর যে চিত্র তুলে ধরেছেন গল্পকার তা লেখ।

(গ) ‘শ্বেতপাথরের টেবিল’ গল্পে বর্ণিত ‘বাবা’ চরিত্রটি পরিস্ফুট কর।

খ—বিভাগ

(মূল্যাংক: ১০)

- ৪। নিম্নলিখিত যে-কোন পাঁচটির পারিভাষিক বাংলা প্রতিশব্দ লিখে
বুঝিয়ে দাও :

২×৫=১০

Bonded warehouse; Capital debit; Kite flying; Bill on demand; Foreign exchange; Trade cycle; Easy market; Excise duty.

গ—বিভাগ

(মূল্যাংক: ১০)

- ৫। যে-কোন একটি প্রশ্নের উত্তর দাও :

১০

- (ক) রেলওয়ে পার্শেলে খরিদারের নিকট প্রেরিত মাল খোয়া গিয়েছে। প্রেরকের পক্ষ থেকে ক্ষতিপূরণ দাবি করে কমার্শিয়াল ম্যানেজারের নিকট যথারীতি দরখাস্ত লেখ।
- (খ) তোমার পরিচালিত কুটির শিল্পের প্রসার বাড়ানোর উদ্দেশ্যে যুক্তি দেখিয়ে অতিরিক্ত মূলধনের জন্য ব্যাঙ্কের ম্যানেজারের নিকট পত্র লেখ।
- (গ) কোন বিদেশী প্রতিষ্ঠানের কাছ থেকে তুমি কিছু যন্ত্রপাতি আমদানি করতে চাও। ভারতের উন্নয়নমূলক কাজে উক্ত যন্ত্রপাতির যথেষ্ট প্রয়োজন আছে। এই যুক্তিতে আমদানি অনুমতি (Licence) ও বৈদেশিক মুদ্রা চেয়ে কেন্দ্রীয় সরকারের বাণিজ্যমন্ত্রকের কাছে একখানি পত্র লেখ।

ঘ—বিভাগ

(মূল্যাংক : ১০)

৬। নিম্নলিখিত যে-কোন একটি বিষয়ে প্রবন্ধ রচনা কর : ১০

- (ক) পরিবেশ দূষণ ও প্রতিকার
- (খ) অসমের চা শিল্পের বর্তমান ও ভবিষ্যৎ
- (গ) বাণিজ্যে প্রতিযোগিতার প্রয়োজনীয়তা
- (ঘ) ভারতের জনগণনা ও এর কার্যকারিতা

ঙ—বিভাগ

(মূল্যাংক : ১০)

৭। নিম্নলিখিত যে-কোন একটি বিষয় সম্পর্কে প্রতিবেদন প্রস্তুত কর : ১০

- (ক) দেশীয় বাজারের বর্তমান অবস্থা
- (খ) ভারতীয় অর্থনীতিতে বিশ্বায়নের প্রভাব

চ—বিভাগ

(মূল্যাংক : ২০)

(আভ্যন্তরীণ মূল্যায়নের পরিবর্তে)

৮। (ক) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়ের 'পুইমাচা' গল্পটির মূল বিষয়বস্তু আলোচনা কর। ১০

(খ) ইউনিট ট্রাস্ট অফ ইন্ডিয়াতে একজন স্নাতক, বিক্রয় উন্নয়ন ব্যবস্থাপকের (Sales promotion manager) প্রয়োজন। তোমার যোগ্যতা জানিয়ে একখানি আবেদন পত্র লেখ। ১০